

চর উন্নয়ন ও বসতি স্থাপন প্রকল্প-০৪ এর আওতায়

ভূমি বন্দোবস্ত সংক্রান্ত বিশেষ বিজ্ঞপ্তি

সিডিএসপি-৪ প্রকল্পভুক্ত এলাকায় কৃষি খাসজমি বন্দোবস্ত কার্যক্রমের সময় ভূমিহীন পরিবার এর সদস্যবৃন্দ নিম্নলিখিত বিষয়গুলো লক্ষ্য করুন:

- কৃষি খাস জমি সরকার কর্তৃক ১ (এক) টাকা সালামীর বিনিময়ে কবুলিয়াত গ্রহণ পূর্বক ভূমিহীনদের নিকট বন্দোবস্ত প্রদান করা হয়।
- এ ছাড়া কবুলিয়াত রেজিস্ট্রেশনের সময় রেজিস্ট্রেশন ফি বাবদ- ১২১.০০ টাকা ও স্ট্যাম্প ফি বাবদ- ৩০ টাকা সাব-রেজিস্ট্রার এর অফিস কর্তৃক গ্রহন করা হয়।
- খতিয়ান খোলা ও বিতরণের সময় খতিয়ান ফি বাবদ- ১০০ টাকা ও ভূমি উন্নয়ন কর বাবদ- ১০ টাকা সরকারী ফি গ্রহণ করার বিধান রয়েছে।
- কবুলিয়াত গ্রহণ ও রেজিস্ট্রেশনের সময় ফরম পূরণ/দলিল লেখার কাজ ব্যক্তিগত ভাবে নিজ ব্যবস্থাপনায় সম্পন্ন করতে হয়।
- ভূমি বন্দোবস্তকালে এ ছাড়া অন্য কোন অর্থ গ্রহন বা প্রদানের কোন সুযোগ নেই।
- ভূমিহীনদেরকে এ মর্মে সতর্ক করা যাচ্ছে যে, ভূমি বন্দোবস্তকালে ভূমি সংক্রান্ত কোন বিরোধ বা জটিলতা নিরসনে কোন দালাল বা প্রতারকের শরণাপন্ন হবেন না।
- যে কোন বিরোধ নিরসনে সরাসরি সহকারী কমিশনার (ভূমি) বরাবর দরখাস্ত/আবেদন করুন।
- কোনক্রমেই কোন অবৈধ অর্থ লেনদেনে জড়াবেন না।
- অবৈধ অর্থ লেনদেন পূর্বক ভূমি বন্দোবস্ত গ্রহণে বা প্রদানের চেষ্টা করা হলে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- অবৈধ অর্থ লেনদেন সংক্রান্ত তথ্য বা অভিযোগ থাকলে জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক স্থাপিত সহায়তা কেন্দ্রে (Help Center) দায়িত্বপ্রাপ্ত পর্যায়ক্রমিক কর্মকর্তাদের টেলিফোন নম্বরে অথবা অতিরিক্ত জেলা প্রশাসক (বাজস্ব) ও জেলা প্রশাসক কে সরাসরি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সহায়তা কেন্দ্রের টেলিফোন নম্বর সমূহ হলো:

আরডিসি-০১৭০৫৪০১০০৫, এনডিসি-০১৭৭৫১১১৯২১, অতিরিক্ত জেলা প্রশাসক (বাজস্ব), নোয়াখালী-

০১৭০৫৪০১০০২ এবং জেলা প্রশাসক, নোয়াখালী- ০১৭১৩১২১১৫৪

প্রচারে: জেলা প্রশাসন ও প্রকল্প পরিচালকের দপ্তর, নোয়াখালী।